গাংনীতে একই মঞ্চে আওয়ামীলীগ-বিএনপি নেতৃবৃন্দ

মহাসমাবেশ ও শান্তি সমাবেশকে ঘিরে যখন রাজধানীসহ বিভিন্ন জেলা- উপজেলায় চলছে সংঘর্ষ, সহিংসতা, বাসে আগুন দেওয়া হয়েছে। তখন মেহেরপুরের গাংনীতে একই মঞ্চে মিলিত হলেন আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির নেতারা। এক মঞ্চে বসে তারা অঙ্গীকার করলেন সহিংসতার পথে না গিয়ে মেনে চলবেন নির্বাচনী আচরণ বিধি।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী উপজেলা শাখা সব রাজনৈতিক দলের নেতাদের এক মঞ্চে বসার আয়োজন করে।

মঞ্চে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার ও প্রচারনা সম্পাদক প্রভাষক মহিবুর রহমান মিন্টু, পৌর আওয়ামীলীগের সাস্কৃতিক সম্পাদক আজিজুল হক রানু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, আল্পনা আক্তার। গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির নেতা আব্দাল হক। জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক আব্দুল লতিব উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিএফজির সমন্বয়ক প্রভাসক রফিকুল ইসলাম বকুল, করমদী ডিগ্রী কলেজের প্রভাসক এএসএম সায়েম পল্টু, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক প্রমুখ।

গতকাল রবিবার দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে এই আয়োজন করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের প্রোগ্রাম অফিসার গিয়াস উদ্দীন, গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন উপস্থিত ছিলেন। উপস্থিত নেতৃবৃন্দ বলেন, জাতীয় পর্যায়ে যাই হোক আমরা স্থানীয়ভাবে শান্তিপূর্ণ অবস্থান তৈরী করবো। সহিংসতা পরিহার করে শান্তিপূর্ণ অবস্থানে থাকবো।